নবম অধ্যায়

রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা

রাষ্ট্রায়ত্ত খাত এখনও জাতীয় উৎপাদন, মূল্য সংযোজন, কর্মসংস্থান ও রাজস্ব আয় বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। রাষ্ট্রায়ত্ত খাতে পরিচালিত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ফলে রাষ্ট্রীয় ম্যানুফ্যাকচারিং খাতের সার্বিক লোকসান বিগত বছরসমূহের তুলনায় হ্রাস পেয়েছে, যা দেশের প্রবৃদ্ধি বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রেখেছে। দেশে বিদ্যমান রাষ্ট্রায়ত্ত সংস্থাকে (অ-আর্থিক) বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী ৭টি সেক্টরে বিভক্ত করে রাষ্ট্রায়ত্ত খাতের অর্থনৈতিক ও আর্থিক বিশ্লেষণ প্রণয়ন করা হয়েছে।

বক্স ৯.১: রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ (অ-আর্থিক)

ক্রমিক নং	সেক্টর	সংস্থার সংখ্যা	সংস্থার নাম
১।	শিল্প	৬টি	বাংলাদেশ বস্ত্র শিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পাটকল কর্পোরেশন।
২।	বিদ্যুৎ, গ্যাস ও পানি	৫টি	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ, ঢাকা পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, চট্টগ্রাম পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ।
৩।	পরিবহণ ও যোগাযোগ	১০টি	বাংলাদেশ সমুদ্র পরিবহণ কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্পোরেশন, বাংলাদেশ বিমান কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দর ডক পরিচালনা বোর্ড, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর ডক পরিচালনা বোর্ড, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষ।
৪।	বাণিজ্য	৩টি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত), বাংলাদেশ বাণিজ্য কর্পোরেশন।
৫।	কৃষি	২টি	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
৬।	নির্মাণ	৪টি	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
৭।	সার্ভিস	১৪টি	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরন অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ সেরিকালচার গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ চা বোর্ড।

রাষ্ট্রায়ত্ত খাতের উৎপাদন ও উপাদান আয়

২০০৪-০৫ অর্থবছরে দেশে বিদ্যমান সকল অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থায় মোট পরিচালন রাজস্ব ছিল ৩৬২৭৩ কোটি টাকা, যা ২০০৭-০৮ অর্থ বছরে হ্রাস পেয়ে ২০০১৮ কোটি টাকায় দাঁড়িয়েছে । বার্ষিক প্রবৃদ্ধির হার -১৭.৯৬ শতাংশ। উক্ত সময়ে কৃত পণ্য ও সেবার মূল্য -২৯.৪২ শতাংশ হ্রাস পায়। উৎপাদন ব্যয়ের হিসেবে ২০০৪-০৫ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ৯৫১ কোটি টাকা, যা ২০০৭-০৮ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ৭৬১২ কোটি টাকায় দাঁড়ায়। মূল্য সংযোজনের প্রবৃদ্ধির হার ছিল ৯৯.৯০ শতাংশ। ২০০৪-০৫ অর্থ বছরে রাষ্ট্রায়ত্ত খাতে পরিচালন লোকসান ছিল ২৪৭৩ কোটি টাকা, কিন্তু ২০০৭-০৮ অর্থ বছরে পরিচালন রাজস্বের উদ্বৃত্ত দাঁড়ায় ৩৬১০ কোটি টাকা। নিম্নের সারণি ৯.১ এ ২০০৪-০৫ থেকে ২০০৭-০ ৮ পর্যন্ত অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোজন, উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার দেখানো হল।

সারণি ৯.১: অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোগ,উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার

(কোটি টাকায়)

	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮	প্রবৃদ্ধির হার
পরিচালন রাজস্ব	৩৬২৭৩	৪৪৩৩৯	৩৩১৭৯	২০০১৮	-১৭.৯৬
কৃত পণ্য ও সেবা	৩৫৩২২	৪২৬৮৫	৩০৫৬৭	১২৪০৬	-২৯.৪২
মূল্যসংযোজন ঃ উৎপাদন ব্যয়ের হিসাবে	৯৫১	১৬৫৪	২৬১১	৭৬১২	৯৯.৯০
বেতন ও ভাতাদি	১৬৬৩	২৩৮৬	১৯০৮	১৯৩০	৫.০৯
অবচয়	১৭৬১	১৯৬৯	২২৭৬	২০৭৩	৫.৫৭
পরিচালন (উদ্বৃত্ত/লোকসান)	-২৪৭৩	-২৭০১	-১৫৭২	৩৬১০	-৮৩.৮৭
মূল্য সংযোজন	৯৫১	১৬৫৪	২৬১১	৭৬১২	৯৯.৯০

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

নীট মুনাফা/লোকসান

২০০৭-০৮ অর্থবছরে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নীট লোকসান ছিল ৯৯৮২.৮৫ কোটি টাকা। ২০০৮-০৯ অর্থবছরে নীট লোকসান প্রাক্কলন করা হয়েছে ১৫৪.৪৯ কোটি টাকা। চলতি ২০০৮-০৯ অর্থ বছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের লোকসান পূর্ববর্তী অর্থ বছরের (২০০৭-০৮) ৯৯৩.২৪ কোটি টাকা থেকে ১৫৬৬.৭৮ কোটি টাকায় বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এককভাবে ২০০৮-০৯ অর্থবছরেও ৩৫৭৫.৮৮ কোটি টাকা লোকসানের সম্মুখীন হতে পারে মর্মে প্রাক্কলন করা হয়েছে। অপরদিকে, ২০০৭-০৮ অর্থবছরের তুলনায় ২০০৮-০৯ অর্থবছরের প্রাক্কলনে যে সকল রাষ্ট্রায়ত্ত সংস্থার নীট মুনাফা বৃদ্ধি / হ্রাস অথবা লোকসান হ্রাস পাবে সেগুলোর মধ্যে অন্যতম হলঃ বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরী কমিশন (নীট লোকসান ৩৭.৩৩ কোটি টাকা হতে হ্রাস পেয়ে ২০০৮-০৯ অর্থবছরে নীট মুনাফা ৩২৩৮.৪ কোটি টাকা), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (নীট লোকসান ১০২৬.২১ কোটি টাকা হতে হ্রাস পেয়ে ২০০৮-০৯ অর্থবছরে নীট মুনাফা ১০৭৬.২৬ কোটি টাকা), ঢাকা ওয়াসা (নীট মুনাফা ১২.৭৫ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০০৮-০৯ অর্থবছরে নীট মুনাফা ৭৫.৩৮ কোটি টাকা), চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (নীট মুনাফা ১৩৯.৩৩ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ১৮১.১ কোটি টাকা), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (নীট মুনাফা ৫.৯৫ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ৬.১৩ কোটি টাকা), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (২০০৮-০৯ অর্থবছরে ১.৫৭ কোটি টাকা নীট মুনাফা) এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, (নীট লোকসান ১৪৪.৩৭ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০০৮-০৯ অর্থবছরে ১৭১.০৫ কোটি টাকা)। রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নীট মুনাফা/লোকসানের বিস্তারিত বিবরণ **পরিশিষ্ট-৩৫** এ দেখা যেতে পারে।

সরকারি কোষাগারে লভ্যাংশ প্রদান

রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ২০০৭-০৮ অর্থবছরে লভ্যাংশ হিসাবে মোট ৪৪.৩৮ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। ২০০৮-০৯ অর্থবছরে এর পরিমাণ ৪১৪.৪৫ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। ২০০৮-০৯ অর্থবছরে যে সকল সংস্থা উল্লেখযোগ্য হারে লভ্যাংশ প্রদান করবে বলে আশা করা যায় তাদের মধ্যে অন্যতম হ'ল বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (৩০০.০০ কোটি টাকা), চট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষ (৫০.০০ কোটি টাকা), সিভিল এভিয়েশন অথরিটি (২৫.০০ কোটি টাকা), ইপিজেড (৭.০০ কোটি টাকা), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (৬.০০ কোটি টাকা), বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন (৫.০০ কোটি টাকা)। রাষ্ট্রায়ত্ব সংহাসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদত্ত লভ্যাংশের বিস্তারিত বিবরণের জন্য **পরিশিষ্ট-৩৬** দ্রষ্টব্য ।

সরকারি অনুদান/ভর্তুকি প্রদান

সরকার ২০০৭-০৮ অর্থবছরে ১৪টি রাষ্ট্রীয় সংস্থাকে অনুদান/ভর্তুকি হিসেবে ৪৯৪.২৫ কোটি টাকা প্রদান করেছে। ২০০৮-০৯ অর্থ বছরে এর পরিমাণ ৮৩৬.৮৩ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। ২০০৮-০৯ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে ৪৪৬.৮৫ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়, যা পূর্ববর্তী অর্থ বছরে ছিল ২২৮.২৪ কোটি টাকা । তাছাড়া, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনকে ১৫৫.০০ কোটি টাকা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষকে ৮৩.৪১ কোটি টাকা, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনকে ৩৯.৯৬ কোটি টাকা এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে ৪৪.৫৩ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয় । বাংলাদেশ পাটকল কর্পোরেশনকে পাটজাত দ্রব্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা হিসেবে ২০০৭-০৮ এবং ২০০৮-০৯ অর্থবছরে যথাক্রমে ৩৪.৯৯ কোটি টাকা এবং ২৫.৮০ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়। সারণি ৯.২ এ ২০০১-০২ থেকে ২০০৮-০৯ পর্যন্ত বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ দেখানো হল:

সারণি ৯.২: রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ

(কোটি টাকায়)

কর্পোরেশন/প্রতিষ্ঠানের নাম	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯ (সংশোধিত)
বিসিআইসি	-	-	-	-	-	০	০	০
বিএসইসি	০.১০	-	-	-	-	০	০	০
বিজেএমসি	৫৩.৬০	২৬.০৪	৩৩.০৩	২৯.৫৭	১০০.০০	৩৪.৯৯	৩৪.৯৯	২৫.৮০
বিআইডব্লিউটিসি	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০
আরডিএ	০.১০	০.০৯	০.১০	০.০৯	০.১২	০.১৩	০.১৫	০.১৫
বিএফএফডব্লিউটি	১৬.২৫	১৬.২৫	১৬.২৫	১৬.৪৪	১৮.১৯	১৮.২৯	২৭.৭	৪৪.৫৩
বিআইডব্লিউটিএ	২২.৫৫	২৩.৪০	২৭.৮৬	৩১.৮৮	৫২.১৯	৫০.৫৪	৪২.৪৫	৮৩.৪১
বিএসসিআইসি	১৮.৪৫	১৯.০৪	২১.৫০	২২.৫১	২৬.৫	২৮.৫০	৩৬.৯৮	৩৯.৯৬
আরইবি	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০
বিএইচবি	৪.০৫	৪.০৫	৪.৫০	৪.৬১	৭.৯৯	৭.৪৩	৭.৪৩	৮.২১
বিএসবি	৪.৪৭	৪.৬২	৪.৩০	৪.২৬	৩.৯৭	৪.৩২	৬.২৯	৮.৫২
ইপিবি	-	৩.০০	৪.০০	১০.০০	১২.০০	১১.০০	১২.৩০	১৪.০০
বিএডিসি	৩৫.০০	৩৫.০০	৩৫.০০	৪২.০০	৫৮.৬২	৬৬.৫	৮৬.৬২	১৫৫.০০
বিডব্লিউডিবি	১৫৯.৪৯	১৯১.৬৯	২৩০.৮০	২৫১.৮৩	২৭৯.০১	২২৮.২৪	২২৮.২৪	৪৪৬.৮৫
বিইআরসি	-	-	-	-	০.৫৪	০.৭৭	১.০০	০.০০
বিএসআরটিআই	-	-	-	-		১.৪৪	১.৬	১.৯০
মোট	৩২২.৫৬	৩৩১.৬৮	৩৮৫.৮৪	৪২১.৬৯	৫৬৭.৬৩	৪৬০.৬৯	৪৯৪.২৫	৮৩৬.৮৩

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

সরকারি দায় -দেনা (Debt Service Liabilities)

অর্থ বিভাগের ডিএসএল অধিশাখা ৫৬টি স্বায়ত্তশাসিত/আধা- স্বায়ত্ত শাসিত/ স্থানীয় (স্ব-শাসিত) সংস্থার বকেয়া পরিমাণ নির্ধারণ করেছে। সাময়িক হিসাব মতে, ২০০৮-০৯ অর্থবছরে জুন ২০০৯ পর্যন্ত এসমস্ত অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংহার নিকট মোট বকেয়ার পরিমান ৭২৬৯৪.১১ কোটি টাকা । সরকারের ডিএসএল পাওনা ও আদায়ের সাময়িক হিসাব **পরিশিষ্ট-৩৭** এ দেখা যেতে পারে।

ব্যাংক ঋণ

৪৫টি রাষ্ট্রীয় সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের ডিসেম্বর, ২০০৮ পর্যন্ত মোট ১৬৭৫৫.৭০ কোটি টাকা ঋণ রয়েছে যার মধ্যে শ্রেনীবিন্যাসিত ঋণের পরিমাণ হচ্ছে ১০৯৯.৪৮ কোটি টাকা (৬.৫৬ শতাংশ)। যে সকল সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের সর্বোচ্চ ঋণ রয়েছে সেগুলো হ'লঃ বিপিসি (৬২০৬.৯৬ কোটি টাকা), বিজেএমসি (২২৫৫.৭৫ কোটি টাকা), বিপিডিবি (২১০৩.৬৬ কোটি টাকা), বিসিআইসি (২৬৫৩.৩০ কোটি টাকা), বিওজিএমসি (৫৭৫.৩৬ কোটি টাকা), বিএসএফআইসি (৯০৭.০৭ কোটি টাকা), বিএডিসি (১২৯৩.৫৩ কোটি টাকা), বিএসইসি (১৮৮.৪৬ কোটি টাকা) ও বিটিএমসি (২৯৬.১৭ কোটি টাকা)। অন্যদিকে, যে সকল সংস্থার নিকট সর্বোচ্চ শ্রেনীবিন্যাসিত ঋণ রয়েছে সেগুলোঃ বিজেএমসি (৬৯৫.১৬ কোটি টাকা), বিটিএমসি (২৩৫.৭৭ কোটি টাকা), বিসিআইসি (৯৮.৬১ কোটি টাকা), বিএডিসি (২১.২৭ কোটি টাকা) ও বিএসএফআইসি (২০.৮৩ কোটি টাকা) । রাষ্ট্রায়ত্ত সংহাসমূহের বকেয়া ও শ্রেণীবিন্যাসকৃত ঋণের ক্রমপুঞ্জিত পরিমাণ **পরিশিষ্ট-৩৮** এ দেয়া হয়েছে।

রাষ্ট্রায়ত্ত খাতের আর্থিক বিশ্লেষণ

বাংলাদেশে রাষ্ট্রায়ত্ত খাতের প্রায় সমস্ত সম্পদ ও ঋণ সরকার অথবা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সুতরাং এ সকল কর্পোরেশনসমূহের আর্থিক অবস্থার বিশ্লেষণের ক্ষেত্রে মোট সম্পদের ওপরে মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

সারণি-৯.৩: ২০০৪-০৫ হতে ২০০৭-০৮ পর্যন্ত রাষ্ট্রায়ত্ত খাতের অর্জিত মুনাফা

(কোটি টাকায়)

	২০০৪-২০০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮	প্রবৃদ্ধির হার ২০০৪-০৫ হতে ২০০৭-০৮ পর্যন্ত
১। পরিচালন রাজস্ব	৩৬২৭৩	৪৪৩৩৯	৫০০৬৪	২০০১৮	-১৭.৯৬
২। পরিচালন উদ্বৃত্ত	-২৪৭৩	-২৭০১	-১৮৫৯	৩৬১০	৫১.১৬
৩। পরিচালন বহির্ভূত রাজস্ব	৫৮৬	৬০৩	১১৭২	৮৩৬	১২.৫৭
৪। কর্মচারী অংশীদারী তহবিল	৯	১৩	৭২	৯০	১১৮.৩১
৫। ভর্তুকী (প্রত্যক্ষ)	৯	৯	৯	৮	-২.০০
৬। সুদ	৯০৩	১১৬০	১২৪২	৭১১	-৭.৬৫
৭। করপূর্ব নীট লাভ/লোকসান (২+৩+৫)-(৪+৬)	-২৭৯০	-৩২৬২	-১৯৯২	৩৬৫৩	৪৮.৯৬
৮। কর	১৩৪	১৭৫	৬৯১	৮৫৯	৮৫.৫০
৯। কর উত্তর নীট লাভ/লোকসান (৭-৮)	-২৯২৫	-৩৪৩৭	-২৬৮৩	২৭৯৪	৪৫.৭৩
১০। লভ্যাংশ (ডিভিডেন্ড)	৫৫	২৮৫	৫৫৯	৫৪৩	১১৪.০৮
১১। সংরক্ষিত আয় (৯-১০)	-২৯৮০	-৩৭২২	-৩২৪২	২২৫১	৪০.১৫
১২। মোট বিনিয়োগ/ফান্ড	১২৪৩৪৯	১৩৮৭৩০	১৬২১৪৯	১১৮২৫১	-১.৬৬
১৩। ইক্যুইটি	৩৬৪১২	৪০৭২৬	৫০৮৩৫	৫৫৭১৪	১৫.২২
১৪। মোট সম্পদের উপর পরিচালন মুনাফার হার (২÷১২)	-১.৯৯	-১.৯৫	-১.১৫	৩.০৫	৫২.২৩
১৫। পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার (৯÷১)	-৮.০৬	-৭.৭৫	-৫.৩৬	১৩.৯৬	৫৫.০৪
১৬। ইক্যুইটির উপর লভ্যাংশের হার (১০÷১৩)	০.১৫	০.৭০	১.১০	০.৯৭	৮৫.৮০
১৭। মোট সম্পদের টার্নওভার (১÷১২)	০.২৯	০.৩২	০.৩১	০.১৭	-১৬.৫৭

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।



রাষ্ট্রায়ত্ত খাতের মোট পরিসম্পদের ওপর পরিচালন মুনাফার হার (ROA) ২০০৪-০৫ সালে -১.৯৯ শতাংশ হলেও ২০০৫-০৬ অর্থ বছরে এ হার ছিল -১.৯৫ শতাংশ । পরিচালন মুনাফার হার বিগত বছরের লোকসানের বিপরীতে ২০০৭-০৮ অর্থ বছরে ৩.০৫ শতাংশে উপনীত হয়। ২০০৪-০৫ অর্থবছর থেকে পরিচালন রাজস্বের ওপর নীট মুনাফার হার হ্রাস পেতে থাকে। ২০০৪-০৫ অর্থ বছরে এ লোকসানের হার ছিল -৮.০৬ শতাংশ যা ২০০৭-০৮ অর্থ বছরে ১৩.৯৬ শতাংশ মুনাফায় উন্নীত হয়। ইক্যুইটির উপর লভ্যাংশের হার ২০০৪-০৫ অর্থবছরে ছিল ০.১৫ শতাংশ যা ২০০৭-০৮ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ০.৯৭ শতাংশে দাঁড়িয়েছে।